# বাংলাদেশ কৃষি ব্যাংক

## প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

জেনারেল ক্রেডিট বিভাগ

dgmlad1@krishibank.org.bd

সার্কুলার লেটার নং-প্রকা/জেঃক্রেঃবিঃ/৪(৩২)/২০২৩-২৪/১৪৩৮ তারিখঃ ০৭/০২/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের বিনিয়োগকৃত অর্থ ঝুঁকিমুক্ত রাখার লক্ষ্যে ঝুঁকি বিমা পলিসির পাশাপাশি নতুন ঝুঁকি বিমা পলিসিতে অন্তর্ভূক্তি এবং দূর্ঘটনা পরবর্তী সংশ্লিষ্ট বিমা কোম্পানির নিকট হতে ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ অত্র ব্যাংকে পরিচালিত সংশ্লিষ্ট ঋণগ্রহীতার ঋণ হিসাবে জমাকরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংকের ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ (এমপিডি(প্রশাসন) পরিপত্র নং-১৪/২০১৯, তারিখঃ ২৪/১২/২০১৯) এর অনুচ্ছেদ নং ৭.১৬ ও ৭.১৭ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর অনুচ্ছেদ নং ৭.১৬ ও ৭.১৭ এ বীমা পলিসি গ্রহণের ক্ষেত্রে করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। এক্ষণে, ব্যাংকের বিনিয়োগকৃত অর্থ ঝুঁকিমুক্ত রাখার লক্ষ্যে ঝুঁকি বিমা পলিসির পাশাপাশি নতুন ঝুঁকি বিমা পলিসিতে অন্তর্ভূক্তি এবং দূর্ঘটনা পরবর্তী সংশ্লিষ্ট বিমা কোম্পানির নিকট হতে ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থের বিষয়ে বিগত ১৮/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮৪৯ তম সভায় (০৬/০২/২০২৪ তারিখের ৮৫০তম সভায় দৃঢ়ীকৃত) ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ (এমপিডি(প্রশাসন) পরিপত্র নং-১৪/২০১৯, তারিখঃ ২৪/১২/২০১৯) এর ৭.১৬ এবং ৭.১৭ অনুচ্ছেদ নিম্নবর্ণিতভাবে সংশোধনের সিদ্ধান্ত প্রদান করা হয়েছেঃ

| অনুচ্ছেদ নং | বিদ্যমান অনুচ্ছেদ | পর্ষদ কর্তৃক অনুমোদিত অনুচ্ছেদ |
|---|---|---|
| বিমা ৭.১৬ | গুদামে রক্ষিত সমস্ত মালামাল পুরাপুরি বাজার দর হিসাবে বিমা করা উচিত অর্থাৎ ঋণের পরিমাণ এবং নির্ধারিত মূল্য সীমার (মার্জিন) উপর। অবিমাকৃত মালামালকে বীমাকৃত মালামালের সাথে অবশ্যই একীভূত করা যাবে না। ঋণ গ্রহীতার নিজ খরচে ব্যাংক ও ঋণ গ্রহিতার যৌথ নামে বিমাপত্র গ্রহণ করতে হবে। মঞ্জুরিপত্র অনুযায়ী বিমাপত্র নিম্নে উল্লেখিত ঝুঁকির জন্য করতে হবে ঃ (ক) ডাকাতি, (খ) চুরি, (গ) মজুদ মালের মান-ক্রমাবনতি, (ঘ) অগ্নি, (ঙ) দাঙ্গা, (চ) যন্ত্রপাতি বিকল, (ছ) ঘূর্ণিঝড়, (জ) উপকূলীয় অঞ্চলের জন্য জলোচ্ছ্বাস জনিত ক্ষয়ক্ষতি।<br><br>বিমাপত্র সতর্কতার সাথে অন্যান্য নিরাপত্তা নথির সংগে রাখতে হবে এবং ঋণ আদায় না হওয়া পর্যন্ত শাখা ব্যবস্থাপক বিমাপত্র সক্রিয় না রাখার জন্য দায়ী থাকবেন। | গুদামে রক্ষিত সমস্ত মালামাল পুরাপুরি বাজার দর হিসাবে বিমা করা উচিত অর্থাৎ ঋণের পরিমাণ এবং নির্ধারিত মূল্য সীমার (মার্জিন) উপর। অবিমাকৃত মালামালকে বিমাকৃত মালামালের সাথে অবশ্যই একীভূত করা যাবে না। ঋণ গ্রহীতার নিজ খরচে ব্যাংক ও ঋণ গ্রহিতার যৌথ নামে বিমাপত্র গ্রহণ করতে হবে। মঞ্জুরিপত্র অনুযায়ী বীমাপত্র নিম্নে উল্লেখিত ঝুঁকির জন্য করতে হবে ঃ (ক) ডাকাতি, (খ) চুরি, (গ) অগ্নি, (ঘ) দাঙ্গা, (ঙ) যন্ত্রপাতি বিকল (চ) ঘূর্ণিঝড়, (ছ) উপকূলীয় অঞ্চলের জন্য জলোচ্ছ্বাস জনিত ক্ষয়ক্ষতি, (জ) যুদ্ধ-বিগ্রহ, (ঝ) ছিনতাই, (ঞ) ভূমিকম্প, (ট) প্রাকৃতিক দূর্যোগ (টর্ণেডো, সিডর, আইলা, খরা, বন্যা, সাইক্লোন, জলোচ্ছ্বাস, নদীভাঙন, ভূমিধ্বস, প্লাবন ইত্যাদি), (ঠ) লুণ্ঠন (ড) জলদস্যুতা, (ঢ) আইসিটি রিস্ক, (ণ) নৌ বিমা, (ত) জামানতকৃত ভবন বিমা।<br><br>বিমাপত্র সতর্কতার সাথে অন্যান্য নিরাপত্তা নথির সঙ্গে রাখতে হবে এবং ঋণ আদায় না হওয়া পর্যন্ত শাখা ব্যবস্থাপক বিমাপত্র সক্রিয় না রাখার জন্য দায়ী থাকবেন। |

চলমান পাতা-০২

বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের বিনিয়োগকৃত অর্থ ঝুঁকিমুক্ত রাখার লক্ষ্যে ঝুঁকি বিমা পলিসির পাশাপাশি নতুন ঝুঁকি বিমা পলিসিতে অন্তর্ভূক্তি এবং দূর্ঘটনা পরবর্তী সংশ্লিষ্ট বিমা কোম্পানির নিকট হতে ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ অত্র ব্যাংকে পরিচালিত সংশ্লিষ্ট ঋণগ্রহীতার ঋণ হিসাবে জমাকরণ প্রসঙ্গে।

| অনুচ্ছেদ নং | বিদ্যমান অনুচ্ছেদ | পর্ষদ কর্তৃক অনুমোদিত অনুচ্ছেদ |
|---|---|---|
| বিমা পলিসি ৭.১৭ | বন্ধকি ঋণ ও ব্যাংক ঋণে সৃষ্ট সম্পদের বিমা পলিসি গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা পরিপালন করতে হবেঃ- | বন্ধকি ঋণ ও ব্যাংক ঋণে সৃষ্ট সম্পদের বিমা পলিসি গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা পরিপালন করতে হবেঃ- |
| | (ক) ব্যাংক কর্তৃক অনুমোদিত বিমা প্রতিষ্ঠানসমূহের তালিকা হতে উদ্যোক্তার নির্বাচিত বিমা কোম্পানিতে বিমা গ্রহণ করতে হবে। এ মর্মে উদ্যোক্তা/ঋণ গ্রহিতার লিখিত সম্মতিপত্র ব্যাংক শাখায় সংরক্ষণ করতে হবে; | (ক) বেসরকারি বিমা কোম্পানিকে অবশ্যই বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA) কর্তৃক নিবন্ধিত হতে হবে এবং সরকার অনুমোদিত ক্রেডিট রেটিং প্রতিষ্ঠান কর্তৃক বিমা কোম্পানির রেটিং সনদ বিবেচনা করে বিমা গ্রহণ করতে হবে। এ মর্মে উদ্যোক্তা/ ঋণগ্রহিতার লিখিত সম্মতিপত্র ব্যাংক শাখায় সংরক্ষণ করতে হবে। |
| | (খ) নতুন প্রকল্প বাস্তবায়নকালে বন্ধকি ঋণের বিপরীতে ঋণ গ্রহিতা নগদ অর্থে বিমার প্রিমিয়াম পরিশোধ না করলে কোন ঋণের কিস্তি বিতরণ করা যাবে না; | (খ) নতুন প্রকল্প বাস্তবায়নকালে বন্ধকি ঋণের বিপরীতে ঋণগ্রহিতা নগদ অর্থে বিমার প্রিমিয়াম পরিশোধ না করলে কোন ঋণের কিস্তি বিতরণ করা যাবে না; |
| | (গ) পরবর্তী কিস্তি বিতরণকালেও প্রিমিয়াম পরিশোধ/বিমা নবায়নযোগ্য হলে একই পদ্ধতি অনুসরণ করতে হবে; | (গ) পরবর্তী কিস্তি বিতরণকালেও প্রিমিয়াম পরিশোধ/বিমা নবায়নযোগ্য হলে একই পদ্ধতি অনুসরণ করতে হবে; |
| | (ঘ) কোন ঋণগ্রহিতা বিমা নবায়নে ব্যর্থ হলে ব্যাংক প্লেজ/লিম এ আবদ্ধ মালামাল ব্যতিরেকে অন্যান্য ক্ষেত্রে নিম্নোক্ত যে কোন পদক্ষেপ গ্রহণ করতে পারবে- | (ঘ) কোন ঋণ গ্রহিতা বিমা নবায়নে ব্যর্থ হলে ব্যাংক প্লেজ/লিম এ আবদ্ধ মালামাল ব্যতিরেকে অন্যান্য ক্ষেত্রে নিম্নোক্ত যে কোন পদক্ষেপ গ্রহণ করতে পারবে- |
| | (১) সমস্ত ঝুঁকির দায় দায়িত্ব ঋণগ্রহিতার উপর বর্তাবে এ মর্মে তাকে অবহিত করে এতদসংক্রান্ত আর কোন পদক্ষেপ গ্রহণ না করা, অথবা | (১) সমস্ত ঝুঁকির দায় দায়িত্ব ঋণ গ্রহিতার উপর বর্তাবে এ মর্মে তাকে অবহিত করে এতদসংক্রান্ত আর কোন পদক্ষেপ গ্রহণ না করা, অথবা |
| | (২) ঋণগ্রহিতার ঋণ হিসাবে ডেবিট করে বিমা নবায়ন করা। তবে এক্ষেত্রে সাধারন বিমা কর্পোরেশনের সাথে বিমা সম্পাদন করতে হবে; | (২) ঋণ গ্রহিতার ঋণ হিসাবে ডেবিট করে বিমা নবায়ন করা। তবে এক্ষেত্রে সাধারন বিমা কর্পোরেশনের সাথে বিমা সম্পাদন করতে হবে; |
| | (ঙ) প্লেজে/লিম এ আবদ্ধ মালামাল কোন অবস্থাতেই বিমা আবরণ ব্যতিরেকে রাখা যাবে না। ঋণগ্রহিতা নবায়ন না করলে সরাসরি (ঘ) (২) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে; | (ঙ) প্লেজে/লিম এ আবদ্ধ মালামাল কোন অবস্থাতেই বিমা আবরণ ব্যতিরেকে রাখা যাবে না। ঋণগ্রহিতা নবায়ন না করলে সরাসরি (ঘ) (২) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে; |
| | (চ) কোন ঋণের জন্য কি কি ধরণের ঝুঁকি বিমাভুক্ত হবে তা ব্যাংক সংশ্লিষ্ট বিধানাবলি ও ঋণ গ্রহিতার পরামর্শ মোতাবেক চূড়ান্ত করবে; | (চ) কোন ঋণের জন্য কি কি ধরণের ঝুঁকি বিমাভুক্ত হবে তা ব্যাংক সংশ্লিষ্ট বিধানাবলি ও ঋণ গ্রহিতার পরামর্শ মোতাবেক চূড়ান্ত করবে; |
| | (ছ) সেচ যন্ত্রপাতি বিমার আওতাভুক্ত হবে না। | (ছ) সেচ যন্ত্রপাতি বিমার আওতাভুক্ত হবে না; এবং<br>(জ) বিমা দাবি প্রাপ্তি পরবর্তীতে ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ অত্র ব্যাংকে পরিচালিত সংশ্লিষ্ট ঋণগ্রহিতার ঋণ হিসাবে জমাকরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা পরিপালন করতে হবে: |

বিষয় ঃ <u>বাংলাদেশ কৃষি ব্যাংকের বিনিয়োগকৃত অর্থ ঝুঁকিমুক্ত রাখার লক্ষ্যে ঝুঁকি বিমা পলিসির পাশাপাশি নতুন ঝুঁকি বিমা পলিসিতে অন্তর্ভূক্তি এবং দূর্ঘটনা পরবর্তী সংশ্লিষ্ট বিমা কোম্পানির নিকট হতে ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ অত্র ব্যাংকে পরিচালিত সংশ্লিষ্ট ঋণগ্রহীতার ঋণ হিসাবে জমাকরণ প্রসঙ্গে।</u>

| অনুচ্ছেদ নং | বিদ্যমান অনুচ্ছেদ | পর্ষদ কর্তৃক অনুমোদিত অনুচ্ছেদ |
|---|---|---|
| | | (১) দূর্ঘটনা সংঘটন পরবর্তীতে বিমা কোম্পানি থেকে প্রাপ্ত অর্থ হতে ব্যাংকের সমুদয় পাওনা সমন্বয়পূর্বক অবশিষ্ট অর্থ উদ্যোক্তাকে প্রদান করতে হবে এবং এ বিষয়ে বিমাকালিন সময়ে সংশ্লিষ্ট শাখা কর্তৃক উদ্যোক্তার নিকট হতে প্রযোজ্য মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে ;<br>(২) বৃহৎ ঋণসমূহের (১.০০ কোটি ও তদূর্ধ্ব) ক্ষেত্রে বিমা পলিসি অবশ্যই সাধারণ বীমা কর্পোরেশন হতে সম্পাদন করতে হবে। এছাড়া অন্যান্য ঋণের ক্ষেত্রে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের প্রকা/শানিব্যউবি-১(২৫)/২০১৩-১৪/৭৩২(১২০০), তারিখ: ০৪/১১/২০১৩ এর নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে; এবং<br>(৩) সিএমএসএমই খাতে ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত গ্যারান্টি রেজিস্ট্রেশন মূলে অর্থায়নের ক্ষেত্রে ঋণ ঝুঁকি বিমার শর্ত শিথিল করার বিষয়টি বিবেচনা করা যাবে। |

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের বিনিয়োগকৃত অর্থ ঝুঁকিমুক্ত রাখার লক্ষ্যে পরিচালনা পর্ষদে গৃহিত উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৭/০২/২০২৪

(মোহাঃ খালেদুজ্জামান)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১
<u>০২২২৩৩৮৮৯৪৯</u>

সার্কুলার লেটারনং-প্রকা/জেঃক্রেঃবিঃ/৪(৩২)/২০২৩-২৪/ তারিখঃ ০৭/০২/২০২৪

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **<u>উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো</u>।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
<u>ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১</u>